আলমডাঙ্গায় নিখোঁজের ৫দিন পর গৃহবধূর অর্ধগলিত লাশ উদ্ধার

নিখোঁজের ৫ দিনপর ভাংবাড়িয়ার মাথাভাঙ্গা নদী থেকে পপি খাতুন নামের এক গৃহবধুর অর্ধ গলিত লাশ উদ্ধার করেছে পুলিশ।

আজ সোমবার বিকেল ৪ টার দিকে আলমডাঙ্গার ভাংবাড়িয়া ইউনিয়নের কারিগরপাড়া মাঠের মাথাভাঙ্গা নদী থেকে এ লাশ উদ্ধার করে। খবর পেয়ে চুয়াডাঙ্গার এডিশনাল এসপি সদর সার্কেল আনিসুজ্জামান ঘটনাস্থল পরিদর্শন করে। এ ঘটনায় স্বামীসহ ২ জনকে জিজ্ঞাসাবাদের জন্য আটক করেছে পুলিশ। নিহত গৃহবধু পপি খাতুন উপজেলার ভাংবাড়িয়া ইউনিয়নের নগরবোয়ালীয়া গ্রামের তুহিনের স্ত্রী ও একই উপজেলার বেলগাছি গ্রামের ইসলামপাড়ার নুরুল ইসলাম ভোলা শেখের মেয়ে।

জানাগেছে, আলমডাঙ্গা উপজেলার বেলগাছি ইউনিয়নের ইসলামপাড়ার নুরুল ইসলাম ভোলা শেখের মেয়ে পপি খাতুন। গত বুধবার উপজেলার ভাংবাড়িয়া ইউনিয়নের নগরবোয়ালিয়া গ্রামের পপি খাতুন তার স্বামী তুহিনের বাড়ি থেকে নিখোঁজ হয়। বিভিন্ন জায়গায় খোঁজখবর নিলেও পপি খাতুনের সন্ধ্যান না পেয়ে পিতা নুরুল ইসলাম ভোলা শেখ রবিবার আলমডাঙ্গা থানায় সাধারণ ডায়েরি করে।

সাধারণ ডায়েরি করার ১ দিনপর আলমডাঙ্গার ভাংবাড়িয়ার মাথাভাঙ্গা নদীতে স্থানীয়রা সোমবার দুপুর আড়াইটার দিকে অর্ধগলিত নারীর লাশ ভাসতে দেখে। পরে খবর পেয়ে আলমডাঙ্গা থানা পুলিশ ঘটনাস্থলে উপস্থিত হয়ে লাশ উদ্ধার করে। সন্ধ্যায় গৃহবধু পপির মরদেহ পোস্টমর্টেম রিপোর্টের জন্য চুয়াডাঙ্গা সদর হাসপাতাল মর্গে প্রেরণ করে।

গৃহবধুর লাশ উদ্ধারের ঘটনায় পপির স্বামী তুহিন ও প্রতিবেশি ঝন্টুকে জিজ্ঞাসাবাদের জন্য আটক করেছে পুলিশ।

এ ঘটনায় চুয়াডাঙ্গার অতিরিক্ত পুলিশ সুপার ও সদর সার্কেল আনিসুজ্জামান, থানার পরিদর্শক ওসি তদন্ত তুহিনুজ্জামান খান, পরিদর্শক ওসি অপারেশন একরামুল হোসেন ঘটনাস্থল পরিদর্শন করে।

স্থানীয়রা জানায়, সোমবার দুপুরে এলাকার কয়েকজন নারী মাথাভাঙ্গা নদীতে গোসল করতে নামে। এসময় নদীতে একটি নারীর মরদেহ ভাসমান

অবস্থায় দেখতে পেয়ে পুলিশকে জানায়। পরে আলমডাঙ্গা থানা পুলিশের একটি টিম ঘটনাস্থলে পৌছে মরদেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য চুয়াডাঙ্গা সদর হাসপাতাল মর্গে পাঠায়।

নিহতের বাবা ভোলা শেখ বলেন, পাঁচদিন আগে আমার জামায় তুহিনসহ পরিবারের সদস্যরা আমাকে জানায় মেয়ে পপি খাতুন কোন ছেলের সাথে চলে গেছে। কার সাথে গেছে জিজ্ঞাসা করলে কোন সুদুত্তর দেয়নি তারা। এরপর আমি আলমডাঙ্গা থানাতে জিডি করি। পুলিশ ও আমরা অনেক খুজেছি। পাইনি আমার মেয়েকে। আজ আমার মেয়েটাকে জীবিত পেলাম না, পেলাম মৃত মেয়ে।

তিনি আরও বলেন, আমার নাতী মিমের বয়স ১০ বছর। এর আগে অনেকবার তুচ্ছ ঘটনায় জামায় তুহিন ও তার পরিবার কর্তৃক নির্যাতনের স্বীকার হয়ে বাড়ি চলে আসে। তাই আমার ধারণা জামায় তুহিন ও তার পরিবারের সদস্যরা নির্যাতনের পর হত্যা করেছে আমার মেয়েকে। আমি মেয়ে হত্যার বিচার চাই।

আলমডাঙ্গা থানা পুলিশের পরিদর্শক তুহিনুজ্জামান খান বলেন, নিখোঁজের ৫ দিনের মাথায় মাথাভাঙ্গা নদী থেকে পপি খাতুনের লাশ উদ্ধার করেছে পুলিশ। প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে পপি খাতুনকে হত্যা করা হয়েছে। সুরতহাল প্রদিবেদন শেষে মরদেহ ময়নাতদন্তের জন্য সদর হাসপাতালে পাঠানো হয়েছে। রহস্য উম্মোচনে মাঠে নেমেছে পুলিশ।

জীবননগরে ভৈরব নদে অবৈধ বালু উত্তোলন বন্ধ করলো প্রশাসন

জীবননগর উপজেলার কুলতলা কাশিপুর গ্রামবাসীর অভিযোগের ভিত্তিতে ভৈরব নদ থেকে অবৈধ ভাবে বালু উত্তোলন বন্ধ করলেন জীবননগর উপজেলার সহকারি কমিশনার (ভূমি) মোঃ হুমায়ন কবির ।

সোমবার জীবননগর থানা পুলিশের সহযোগিতায় উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ঘটনা স্থান পরিদর্শন করে বালু উত্তোলনের পাইপ কেটে দেন

এবং বালি উত্তোলনের সরঞ্জাম নষ্ট করে দেন।

সহকারি কমিশনার (ভূমি) মোঃ হুমায়ন কবির বলেন, সরকার দেশের বিভিন্ন মরা নদী র্পূণখননের জন্য ব্যবস্থা গ্রহন করেছে তারই ধারাবাহিকতায় জীবননগর উপজেলার আন্দুলবাড়িয়া ইউনিয়নের কুলতলা গ্রামের পাশে ভৈরব নদটি খননের জন্য কাজ চলছে।

স্থানীয়রা অভিযোগ করে বলেন, একটি চক্র বালু উত্তোলন করছে সেই অভিযোগের ভিক্তিত্বে আমরা ঘটনা স্থানে গেলে বালু উত্তোলন চক্রের সদস্যরা সেখান থেকে পালিয়ে যায়। এ সময় বালু উত্তোলনের পাইপগুলো কেটে দেওয়া হয়। নাম প্রকাশে অনইচ্ছুক বেশ কিছু ব্যাক্তি অভিযোগ করে বলেন, এই নদী থেকে যারা বালু উত্তোলন করছে তারা অনেক সংঘবদ্ধ এবং অত্যান্ত ক্ষমতাশীল ব্যাক্তি এই এলাকায় তিনটি স্থানে স্থানীয় বেশ কিছু নেতাদের ম্যানেজ করে তারা বালু উত্তোলন করছে। যার কারনে এলাকার মানুষ কোন প্রতিবাদ করতে পারছে না ।

জীবননগর উপজেলা নিবাহী অফিসার মোঃ আরিফুল ইসলাম বলেন, কোন ব্যাক্তি অবৈধ ভাবে বালু উত্তোলন করতে পারবে না । যদি এ ধরনের কোন অভিযোগ পাওয়া যায় তাহলে তাদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

আলমডাঙ্গার হাটবোয়ালিয়ার ডায়াগনস্টিক সেন্টারের মালিক এ্যানির সংবাদ সম্মেলন

চুয়াডাঙ্গার আলমডাঙ্গার হাটবোয়ালিয়ার এসএফ ডায়াগনষ্টিক সেন্টারের মালিক নুরুন নবী ছামদ এ্যানি সংবাদ সম্মেলন করেছেন।

গতকাল শনিবার তার কার্যালয়ে এ সংবাদ সম্মেলনের আয়োজন করেন। লিখিত সংবাদ সম্মেলনে গাংনি উপজেলার হিজলবাড়িয়া গ্রামের বানি ইয়ামিনের ছেলে নুরুন নবী ছামদ এ্যানি উল্লেখ করেন তিনি একজন

ডিপ্লোমা চিকিৎসক। তার ৮৮১৫ রেজিঃ নম্বরের বিএম ডিসি লাইসেন্স রয়েছে।

বর্তমানে তিনি আলমডাঙ্গার হাটবোয়ালিয়া বাজারে এসএফ ডায়াগনষ্টিক সেন্টারে বিভিন্ন এমবিবিএস ডাক্তার দ্বারা রোগী সাধরনের চিকিৎসা সেবা দিয়ে থাকেন। এমনি অবস্থায় হাটবোয়ালিয়া বাজারের একটি কু- চক্রি মহল তার ব্যবসা প্রতিষ্ঠান ধ্বংস করার চক্রান্তে লিপ্ত হয়েছে। ওই চক্র টাকাসহ বিভিন্ন সুযোগ সুবিধা আদায়ে ব্যর্থ হয়ে তার ব্যবসা প্রতিষ্ঠানের সুনাম ক্ষুন্ন করার জন্য নানা ভাবে অপপ্রচার চালিয়ে আসছে।

তিনি উল্লেখ করেন, তার ডায়াগনস্টিক সেন্টারের বৈধ কাগজ পত্র রয়েছে। এই প্রতিষ্ঠান থেকে যে সকল রোগী চিকিৎসা সেবা গ্রহণ করেছেন তাদের কারো কোন সমস্যা হয়নি।

অথচ কুচক্রি মহল কিছু ভুয়া মানুষের নাম উল্লেখ করে চারিদিকে বিভ্রান্তি ছড়ানোর চেস্টা করছে। যা মোটেও সঠিক নয়। তিনি সাংবাদিক সম্মেলনের মাধ্যমে তার প্রতিষ্ঠান ও ব্যক্তিগত সকল তথ্যাদি উপস্থাপন করে কোন প্রকার বিভ্রান্ত না হওয়ার জন্য সকলকে অনুরোধ করেছেন। একই সাথে তিনি অপপ্রচারকারিদের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রশাসনের নিকট দাবী জানিয়েছেন।

চুয়াডাঙ্গায় তিন ফসলী জমি অধিগ্রহণ করার প্রতিবাদে গ্রামবাসীর মানবন্ধন

চুয়াডাঙ্গায় বিজিবির ট্রেণিং সেন্টার নির্মাণের জন্য তিন ফসলী জমি অধিগ্রহণ করার প্রতিবাদে গ্রামবাসী মানবন্ধন ও বিক্ষোভ করেছে।

শনিবার বেলা সাড়ে এগারোটার সময় চুয়াডাঙ্গা সদরের হায়দার পুর ও

জাফরপুরের তিন ফসলি জমির মাঠের মধ্যে এই মানববন্ধন করে গ্রামবাসী।

চুয়াডাঙ্গা শহর থেকে ৩ কিলোমিটার দুরে ঝিনাইদহ সড়কে ৬ বিজিবি ব্যাটালিয়নের সদর দপ্তর। ওখানে বিজিবি ট্রেনিং সেন্টার করার জন্য জমি অধিগ্রহণের সিদ্ধান্ত নিয়েছে ৬ বিজিবি। তবে কৃষকদের দাবী, জাফরপুর ও হায়দারপুরের ৩৮ ও ৩৯ নং মৌজার যে জমি অধিগ্রহণের জন্য নির্ধারণ করা হচ্ছে তা তিন ফসলি জমি। তাঁরা এ জমি অধিগ্রহণের জন্য দিতে রাজি নয়।

মানববন্ধনে বক্তব্য দেন কৃষক রজব আলী, রবিউল, সেহেল, আক্কাসসহ অনেকে। তারা বলেন, এ গ্রামের মানুষেরা চাষাবাদ ও কৃষিকাজের উপর নির্ভরশীল। এ এলাকায় ধান, ভুট্টা, পান, ডাল ফসল, আলু, কপি এবং খেজুর গাছের রস উৎপাদন হয়। এখানে ট্রেনিং সেন্টার করার জন্য বসত বাড়ীসহ প্রায় ৩০০ বিঘা জমি অধিগ্রহন করা হবে বলে শোনা যাচ্ছে। আমাদের এ জমিতে ১৪ মাসে ৪টি ফসল উৎপাদন হয়। বিভিন্ন সময়ে আমাদের এই দুই গ্রাম থেকে স্টেডিয়াম করার জন্য ৫০ বিঘা, বিজিবি ক্যাম্প করার সময় সাড়ে ৩শ বিঘা, যুব উন্নয়ন প্রশিক্ষণ করার জন্য ১৫ বিঘা জমি অধিগ্রহণ করা হয়েছে। এ সময় গ্রামবাসী আরও বলেন যদি অধিগ্রহণ নামা তুলে না নেওয়া পর্যন্ত তারা তাদের মানববন্ধন চালিয়ে যাবে।

দুই ডোজ টিকা নিয়েও আলমডাঙ্গার ইউএনও করোনা আক্রান্ত

দুই ডোজ টিকা গ্রহণ করার পরও আলমডাঙ্গা উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) রনি আলম নুর করোনায় আক্রান্ত হয়েছেন।

বুধবার রাতে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে দেওয়া নমুনা পরীক্ষায় তার করোনা পজিটিভ আসে।

উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের কর্মকর্তা ডা. হাদি জিয়া উদ্দিন

বিষয়টি নিশ্চিত করেছেন। তিনি জানান, বুধবার ইউএনও রনি আলম নুর শরীরে অসুস্থতা দেখা দেয়।

পরে রাতে স্বাস্থ্য কমপ্লেক্সে তিনি নমুনা দেন এবং র্যাপিড অ্যান্টিজেন টেস্ট রিপোর্টে তার করোনা পজিটিভ আসে। একই সাথে গাড়ির ড্রাইভারসহ দুই বডিগার্ডের করোনা পরিক্ষা নেগেটিভ আসে।

এ ব্যাপারে ইউএনও রনি আলম নুর মুঠোফোনে বলেন, তিনি বাসায় আইসোলেশনে রয়েছেন। তার শরীর অনেকটা ভালো আছে। তিনি সবার কাছে দোয়া চেয়েছেন

চুয়াডাঙ্গার বিভিন্ন সীমান্ত থেকে ফেন্সিডিল, গাঁজাসহ বিভিন্ন সামগ্রী উদ্ধার, আটক ১

বিজিবির অভিযান

চুয়াডাঙ্গা দামুড়হুদা ও দর্শনা থানার সীমন্তবর্তী এলাকায় চোরাচালান ও মাদক বিরোধী পৃথক অভিযান চালিয়ে ভারতীয় ৯৮ বোতল ফেন্সিডিল, ৬ কেজি গাঁজা, ৩৫ কেজি চুল, একটি মোটরসাইকেল, ১টি মোবাইল ও ২টি সিম কার্ড উদ্ধার করেছে বিজিবি সদস্যরা।

গত ১৬ জানুয়ারি থেকে ২২ জানুয়ারি ভোর পর্যন্ত এসকল সামগ্রী উদ্ধার করে চুয়াডাঙ্গা ব্যাটালিয়ন (৬ বিজিবি) এর অধিনস্থ বারাদী, সুলতানপুর, মুন্সিপুর এবং হুদাপাড়া বিওপি ক্যাম্প।

বিজিবির অভিযান

চুয়াডাঙ্গা ব্যাটালিয়ন (৬ বিজিবি) অধিনায়ক মোহাম্মদ

খালেকুজ্জামান, পিবিজিএম, পিএসসি স্বাক্ষরিত এক প্রেস বিজ্ঞপ্তিতে শনিবার দুপুরে এ তথ্য জানানো হয়েছে।

অভিযানে দামুড়হুদা থানার মুন্সিপুর গ্রামের মৃত রতন শেখের ছেলে মো: রশিদ (৫০)কে আটক করা হয়। এছাড়া উদ্ধারকৃত সামগ্রীর সিজার মূল্য ৫,৩২,৬০০/- (পাঁচ লক্ষ বত্রিশ হাজার ছয়শত) টাকা বলে জানানো হয়েছে।

এছাড়া আটককৃত মালিকসহ মাদকদ্রব্য ও চোরাচালানী মালামাল দামুড়হুদা থানায় হস্তান্তর করে আসামীর বিরুদ্ধে মামলা দায়ের করা হয়েছে।

চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদের ১৪৪০ তম পদধ্বনি অনুষ্ঠিত

চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদ কার্যালয়ে শারীরিক দূরত্ব বজায় রেখে ও স্বাস্থ্যবিধি মেনে সাহিত্য আসর ‘পদধ্বনি’ অনুষ্ঠিত হয়েছে।

শুক্রবার বিকাল সাড়ে পাঁচ টার সময় চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদে ১৪৪০তম এই আসরে সভাপতিত্ব করেন চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদের সভাপতি কবি নজমুল হেলাল।

স্বরচিত লেখা পাঠ করেন মোঃ আলাউদ্দীন, অশোক দক্ত,সুমন ইকবাল,আনছার আলী,নটরাজ হারুন, হুমায়ুন কবীর,জুবায়ের হাসান, ইব্রাহিম খলিল,এম এ মামুন,ডা.তোফাজ্জল হোসেন,সুমন মালিক ও কবি নজমুল হেলাল।

অনুষ্ঠানটি সঞ্চালনা করেন চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদের অর্থ সম্পাদক আনছার আলী। স্বরচিত লেখার উপর বিশদভাবে আলোচনা করেন মোঃ আলাউদ্দীন, আনছার আলী, ইব্রাহিম খলিল ও এম এ মামুন। চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদের সভাপতি কবি নজমুল হেলাল উপস্থিত সকলকে অভিনন্দন জানিয়ে অনুষ্ঠানের সমাপ্তি ঘোষণা করেন।

জীবননগরের হাসাদাহ প্রেসক্লাবে সাধারণ সভা অনুষ্ঠিত

জীবননগরের উপজেলার হাসাদাহ প্রেসক্লাবের সাধারণ সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শুক্রবার বিকালে হাসাদাহ প্রেসক্লাবের সাধারণ সভা অনুষ্ঠিত হয়।

হাসাদাহ প্রেসক্লাবের সভাপতি ডিএম মতিয়ার রহমানের সভাপতিত্বে অনুষ্ঠানে উপস্থিত ছিলেন প্রেসক্লাবের সাধারণ সম্পাদক মনিরুজ্জামান রিপন, সহ-সভাপতি শামসুল আলম।

এছাড়াও উপস্থিত ছিলেন সাংবাদিক আল আমিন, মুন্সী কবির হোসেন, বদরুজ্জামান শ্যামল, কবির আহম্মেদ,মসলেম উদ্দীন, তাহসানুর রহমান, এস এম মোস্তফিজুর রহমান, রাহেন উদ্দীন খোকন, শামীম আহম্মেদ, আব্বাছ উদ্দীন, এম আই আতিয়ার রহমান, বিপলু রহমান, পিয়াস, আজিজুর রহমান, রফিকুল ইসলাম রফিক,রাশেদুল ইসলাম ।

আলোচনা সভায় আগামী শুক্রবার আলোচনার মাধমে আগামি ২ বছরের মিয়াদের নির্বাচনের দিন ঠিক করে নতুন কমিটি করা হবে ।

চুয়াডাঙ্গা জেলা পরিষদের পক্ষ থেকে চুয়াডাঙ্গা জেলা প্রশাসককে বিদায় সংবর্ধনা

চুয়াডাঙ্গা জেলা পরিষদের পক্ষ থেকে চুয়াডাঙ্গা জেলা প্রশাসক নজরুল ইসলাম সরকারের বিদায় সংবর্ধনা দেওয়া হয়েছে।

[redacted]

[redacted]